

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd

নথি নং-৩৫.০৩.০০০০.০০৮.৪০.০১১.১৬(অংশ-৪)/২৪-৩৬৩

তারিখ: ০৯-০৬-২০২৪খ্রি:

বিষয় : মে, ২০২৪ মাসের সড়ক দুর্ঘটনার প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মে, ২০২৪ মাসে সারাদেশে সংঘটিত সড়ক দুর্ঘটনার পরিসংখ্যান নিম্নরূপ:

বিভাগ	সড়ক দুর্ঘটনার সংখ্যা	নিহতের সংখ্যা	আহতের সংখ্যা
ঢাকা	৭৪	৭০	৭১
চট্টগ্রাম	১২৪	১১৩	১৫৬
রাজশাহী	৯৫	৯০	৬০
খুলনা	৬২	৫৮	৫৮
বরিশাল	২৪	২০	২৭
সিলেট	২৮	২৩	৪২
রংপুর	৫৪	৪৪	৫৫
ময়মনসিংহ	৪৯	৩৯	৫১
মোট =	৫১০	৪৫৭	৫২০

২। মে, ২০২৪ মাসে সড়ক দুর্ঘটনায় পতিত মোটরযানের মধ্যে মোটরকার/জীপ ১৮টি (২.৩৪%), বাস/মিনিবাস ৮৯টি (১১.৫৯%), ট্রাক/কাভার্ডভ্যান ১৬৬টি (২১.৬১%), পিকআপ ৩৯টি (৫.০৮%), মাইক্রোবাস ১২টি (১.৫৬%), অ্যান্ডুলেস ৩টি (০.৩৯%), মোটরসাইকেল ১৬১টি (২০.৯৬%), ভ্যান ১১টি (১.৪৩%), ট্রাক্টর ২৮টি (৩.৬৫%), ইজিবাইক ২৯টি (৩.৭৮%), ব্যাটারিচালিত রিকশা ৩৫টি (৪.৫৬%), অটোরিকশা ৫৩টি (৬.৯০%) ও অন্যান্য যান ১২৪টি (১৬.১৫%) সহ সর্বমোট ৭৬৮টি। তন্মধ্যে মোটরকার/জীপ দুর্ঘটনায় ১৫জন (৩.২৮%), বাস/মিনিবাস দুর্ঘটনায় ৩১জন (৬.৭৮%), ট্রাক/কাভার্ডভ্যান দুর্ঘটনায় ৬২জন (১৩.৫৭%), পিকআপ দুর্ঘটনায় ১৯জন (৪.১৬%), মাইক্রোবাস দুর্ঘটনায় ৬জন (১.৩১%), অ্যান্ডুলেস ১জন (০.২২%) মোটরসাইকেল দুর্ঘটনায় ১৩৪জন (২৯.৩২%), ভ্যান দুর্ঘটনায় ১০জন (২.১৯%), ট্রাক্টর দুর্ঘটনায় ১৬জন (৩.৫০%), ইজিবাইক দুর্ঘটনায় ১৯জন (৪.১৬%), ব্যাটারিচালিত রিকশা দুর্ঘটনায় ১৭জন (৩.৭২%), অটোরিকশা দুর্ঘটনায় ৪০জন (৮.৭৫%) ও অন্যান্য যান দুর্ঘটনায় ৮৭জন (১৯.০৪%) সহ সর্বমোট ৪৫৭জন নিহত হয়। এ সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

৩। এমতাবস্থায়, এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


নূর মোহাম্মদ মজুমদার
চেয়ারম্যান (গ্রেড-১)
ফোন: ৫৫০৪০৭১১

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অ: পৃ: দ্র: